## সরকারি চাকুরিতে নিয়োজিত নয় এইরূপ ব্যক্তিকে অর্থ পরিশোধ

এস. আর. ১০৩। (১) সরকারি চাকরিতে নিয়োজত নয় এইরূপ কোন ব্যক্তি কার্য সম্পাদন, সেবা প্রদান অথবা দ্রব্যাদি সরবরাহের জন্য পরিশোধ দাবি করিলে এস. আর. ৫৮-এর বিধান মতে উক্ত দাবি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান অথবা অন্য দায়িত্বশীল সরকারি কর্মকর্তার মাধ্যমে পেশ করার জন্য হিসাবরক্ষণ কর্মকর্তা বলিবেন।

(২) সরকারি চাকরিতে নিয়োজিত নয় এইরূপ কোন ব্যক্তিকে যদি কখনও বিল পরিশোধ করা হয় সেইক্ষেত্রে নিজের সন্তুষ্টির জন্য দাবি পেশকারীর পরিচয় সম্পর্কে হিসাবরক্ষণ অফিসার বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করিবেন।

টীকা-১ ঃ (ক) ঠিকাদার চাহিলে তাঁহার প্রাপ্য সরাসরি তাঁহাকে পরিশোধ করার পরিবর্তে তাঁহার ব্যাংককে পরিশোধ করা যাইতে পারে এই শর্তে যে ঠিকাদার ভারপ্রাপ্ত প্রকৌশলী বরাবর -

(অ) ঠিকাদার কর্তৃক ব্যাংককে অর্থ গ্রহণের ক্ষমতা দান সম্পর্কিত আইনগতভাবে বৈধ দলিল যেমন- অবাতিলযোগ্য আমোক্তারনামা অথবা হস্তান্তর দলিল দাখিল করিয়াছেন; এবং

(আ) ভারপ্রাপ্ত প্রকৌশলী ব্যাংকে অর্থ পরিশোধের মাধ্যমে হিসাব বা দাবি নিষ্পত্তি করার পূর্বে, সরকারের নিকট তাঁহার পাওনার হিসাব সঠিক এই মর্মে ঠিকাদার স্বীকৃতি প্রদান করিয়াছেন কিংবা বিলে বা সরকারের নিকট পেশকৃত অন্য দাবিতে ঠিকাদার স্বাক্ষর করিয়াছেন। ব্যাংক কর্তৃক প্রদত্ত রশিদ পাওনা পরিশোধের পূর্ণ এবং যথেষ্ট প্রমাণরূপে গণ্য হইবে, তবে সম্ভাব্য ক্ষেত্রে ঠিকাদার ব্যাংকের মাধ্যমে পেশকৃত বিলে প্রাপ্তি ও পাওনা পরিশোধের স্বীকৃতি প্রদান করিবেন।

(খ) ব্যাংকের অনুকূলে পৃষ্ঠাঙ্কন না করিয়া সরাসরি পরিশোধের জন্য ঠিকাদার কর্তৃক পেশ করা বিলের ক্ষেত্রে অর্থ যোগানকারী ব্যাংকের মাধ্যমে পরিশোধের প্রচেষ্টা নেওয়া হইবে। তবে, ঠিকাদারকে অর্থ পরিশোধ করা হইলে সরকারের পক্ষে পাওনা পরিশোধ হইয়া গিয়াছে বলিয়া গণ্য হইবে। এই ব্যবস্থার অংশ হিসাবে অর্থ যোগানকারী ব্যাংক এই বিষয়ে সরকারকে পত্র দিবে।

**টীকা-২ :** উপরের পদ্ধতি সরকারের সহিত এই চুক্তি অথবা অন্য কোন চুক্তি অনুযায়ী ঠিকাদারের বিল হইতে (ব্যাংকের বরাবর পৃষ্ঠাঙ্কন করা হউক বা না হউক) অর্থদণ্ড, অতিরিক্ত গ্রহণ ইত্যাদি কর্তনে সরকারের ক্ষমতা ক্ষুণ্ন করিবে না।

**টীকা-৩ :** টীকা-১ এবং ২-এর অন্তর্ভুক্ত কোন কিছু ব্যাংকের পক্ষে এবং সরকারের বিপরীতে কোন অধিকার বা মালিকানা সৃষ্টি করিবে না।

**এস. আর. ১০৪।** চাকরিতে নিয়োজিত নহেন এমন কোন বেসামরিক ব্যক্তিকে সরকার অথবা কোন স্থানীয় সংস্থার পক্ষে ফি, কমিশন, বোনাস, পারিতোষিক অথবা কোন ধরনের পুরস্কার বাবদ অর্থ প্রদান করার সময় হিসাবরক্ষণ কর্মকর্তা প্রাপকের ঠিকানাসহ বিষয়টি সংশ্লিষ্ট কর অফিসকে অবহিত করিবেন যদি প্রতিটি পরিশোধ ২৫০ টাকার কম না হয়।